

স্মারক নং- ৩১.০৫.০০০০.৭৯১.১১.০১৯.২১-১০৬৩

তারিখ : ২৯/০৯/২০২২খ্রিঃ।

বিষয় : ভূমি মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ নিরীক্ষা সংস্থা হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) দপ্তরের ৩টি ক্যাটাগরিতে ২২ (বাইশ) টি পদে জনবল নিয়োগের লক্ষ্যে নিয়োগ বিজ্ঞপ্তির আলোকে অনলাইনে আবেদন গ্রহণের প্রস্তুতকৃত লিংক আংশিক সংশোধন প্রসঙ্গে।

সূত্র : নং- ০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০-১৪৯ তারিখ : ২২/০৯/২০২২খ্রিঃ; বিধি-১ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্ব স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কোভিড-১৯ পরিস্থিতির কারণে আগামী ৩০/০৬/২০২৩খ্রিঃ তারিখ পর্যন্ত প্রকাশিতব্য বিজ্ঞপ্তিতে উল্লেখিত পদে আবেদনের ক্ষেত্রে প্রার্থীদের বয়স ২৫/০৩/২০২০খ্রিঃ তারিখে সর্বোচ্চ বয়সসীমার মধ্যে থাকলে উক্ত প্রার্থীগণ আবেদন করার সুযোগ পাবেন মর্মে উল্লেখ রয়েছে। এ প্রসঙ্গে উল্লেখ্য, অত্র দপ্তরের ১১, ১৬ ও ২০ গ্রেড-এর ৩টি ক্যাটাগরিতে ২২টি পদে জনবল নিয়োগের জন্য গত ০৬/০৯/২০২২খ্রিঃ তারিখ “দৈনিক ইত্তেফাক” ও “দ্য ডেইলি অবজারভার” পত্রিকায় নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে। উক্ত নিয়োগ বিজ্ঞপ্তির শর্তাবলীর আলোকের টেলিটক কর্তৃক অনলাইনে আবেদন গ্রহণের জন্য <http://coarevland.teletalk.com.bd> লিংক প্রস্তুত করা হয়েছে। ইতোমধ্যে উক্ত লিংক ব্যবহার করে প্রার্থীগণ অনলাইনে আবেদন করছেন। জনপ্রশাসন মন্ত্রণালয়ের সূত্রস্ব স্মারক পত্রের নির্দেশনা অনুযায়ী বিভাগীয় নির্বাচন কমিটির ২৭/০৯/২০২২খ্রিঃ তারিখের সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :

- ১। “দৈনিক ইত্তেফাক” ও “দ্য ডেইলি অবজারভার” পত্রিকায় ০৬/০৯/২০২২খ্রিঃ তারিখ প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির ১নং শর্তাবলী জনপ্রশাসন মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী নিম্নরূপভাবে সংশোধনকরণ;
“আবেদনকারীর বয়স ৩১/১০/২০২২খ্রিঃ তারিখে ন্যূনতম ১৮ বছর এবং ২৫/০৩/২০২০খ্রিঃ তারিখে সর্বোচ্চ ৩০ বছর হতে হবে। বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়স সর্বোচ্চ ৩২ বছর। বয়স প্রমানের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।”
- ২। প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তিতে আবেদনপত্র দাখিলের শেষ সময় ৩১/১০/২০২২খ্রিঃ তারিখ বিকেল ৫-০০ ঘটিকা পর্যন্ত বর্ধিতকরণ।


এমতাবস্থায়, বিভাগীয় নির্বাচন কমিটির উপরোক্ত সিদ্ধান্ত মোতাবেক জনপ্রশাসন মন্ত্রণালয়ের সূত্রস্ব স্মারকপত্রের আলোকে টেলিটক কর্তৃক প্রস্তুতকৃত লিংকটি জরুরী ভিত্তিতে সংশোধনের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

ব্যবস্থাপনা পরিচালক
টেলিটক বাংলাদেশ লিঃ
রাজউক কমার্শিয়াল কমপ্লেক্স (১১ তলা),
হোল্ডিং # ৩/এ, ৫/এ, ৭/এ, রোড # ১৭,
গুলশান-১, ঢাকা-১২১২।

দৃষ্টি আকর্ষণ : মুহাম্মদ আল-রাজ্জাকুজ্জামান
অতিরিক্ত জেনারেল ম্যানেজার,
মার্কেটিং এন্ড ভ্যাস, টেলিটক বাংলাদেশ লিঃ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে :

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন), ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।



(মোঃ মশিউর রহমান)
হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব)(চলতি দায়িত্ব)
E-mail : coa_revenue@yahoo.com
ফোন # ০২-৫৫১০০১১৯